দৈনিক বাংলা

তারিখ ... 01 AUG 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫

43 ②

# সংসদে ঢাকা ভার্সিটি প্রসঙ্গ

।। বিশেষ সংবাদদাতা ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে গতকাল কথা উঠেছে জাতীয় সংসদে। স্বতন্ত্র সদস্য নুরুল ইসলাম মনি সংবাদপত্রে প্রকাশিত খবরের প্রতি স্পীকারের দৃষ্টি আকর্ষণ করে এ

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

# সংসদে ঢাকা ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

ধরনের গুরুত্বপূর্ণ বিষয়ে সংসদে আলোচনার দাবী জানায়। স্বতন্ত্র সদস্য মেজর (অবঃ) হাফিজউদ্দিনও পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে বিষয়টি আলোচনার দাবী জানায়।

আওয়ামী লীগের তোফায়েল আহমদ ২০ প্লাটুন পুলিশ ও ডিবিআর মোতায়েন থাকা সত্ত্বেও ঢাকা বিশ্ব-বিদ্যালয়ে এ ধরনের ঘটনা সংঘটিত হওয়ায় ক্ষোভ প্রকাশ করেন এবং একটি দৈনিক পত্রিকার খবর উদ্ধৃত করে এই ঘটনায় ছাত্রদলের কর্মীদের ভূমিকা সম্পর্কে কটাক্ষ করেন।

সরকারী দলের ফজলুর রহমান পটল জনাব তোফায়েলের বক্তব্যের প্রতিবাদ করে বলেন, কিছু কিছু পত্রিকায় দলীয় দৃষ্টিকোণ থেকে সংবাদ পরিবেশিত হচ্ছে। গত একমাস ধরে ছাত্রদলের কর্মীদের ওপর হামলা চালানো হচ্ছে। দুটি দৈনিক পত্রিকার নাম উল্লেখ করে তিনি বলেন, দলীয় মনোভাবের কারণে এ সম্পর্কে কোন বস্তুনিষ্ঠ সংবাদ এসব পত্রিকায় প্রকাশ হয়নি।

আওয়ামী লীগের জনাব সালাউদ্দিন ইউসুফ এই বিতর্কে অংশ নিয়ে জোরালো ভাষায় বক্তব্য দিতে থাকলে অধিবেশনের সভাপতি ডেপুটি স্পীকার শেখ রাজ্জাক আলী বিষয়টির ইতি টেনে বলেন, ইতিপূর্বেই সংসদে সিদ্ধান্ত হয়েছে সন্ত্রাস ও আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ে একদিন আলোচনা হবে। কার্য উপদেষ্টা কমিটির সভা চলছে। বিষয়টি নিয়ে কবে আলোচনা হবে সে তারিখটি এই কমিটি ঠিক করবে। নির্ধারিত দিনেই এ সম্পর্কে আলোচনা করার জন্য তিনি অনুরোধ জানান।